



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি  
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-০১)/২০৬

তারিখ: ১৮.০৬.২০২০ খ্রি.


**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ৬ষ্ঠ হতে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মোবাইল ব্যাংকিং একাউন্ট অভিভাবকের NID দ্বারা Validation প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, HSP-MIS সফটওয়্যারে বিদ্যমান উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থীর অভিভাবকের NID দ্বারা মোবাইল ব্যাংকিং একাউন্ট (রকেট, বিকাশ, নগদ, উপায়, এমক্যাশ) Validation করা সম্পন্ন হয়নি তাদের তথ্যাদি শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে অভিভাবকের NID দ্বারা Validation করার লক্ষ্যে HSP-MIS সফটওয়্যারে “মোবাইল ব্যাংক তথ্য আপডেট” অপশন আগামী ১৭/০৬/২০২০ তারিখ থেকে ২০/০৬/২০২০ তারিখ পর্যন্ত উন্মুক্ত থাকবে। উক্ত সময়ের মধ্যে অভিভাবকের NID দ্বারা মোবাইল ব্যাংকিং একাউন্ট Validation করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, অভিভাবকের NID দ্বারা মোবাইল ব্যাংকিং একাউন্ট Validation করা না হলে উপবৃত্তি বিতরণ কার্যক্রম স্থগিত থাকবে।

০২। শিক্ষার্থীদের মোবাইল ব্যাংকিং একাউন্ট অভিভাবকের NID দ্বারা Validation করার নিয়মাবলী:

- ২.১। HSP-MIS এর URL- <https://hsp.pmeat.gov.bd/login> এ প্রবেশ করুন;
- ২.২। HSP-MIS এর ড্যাশবোর্ডে “বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী” অপশন-এ ক্লিক করুন।
- ২.৩। “মোবাইল ব্যাংক তথ্য আপডেট” অপশনে ক্লিক করে খুঁজুন বাটনে ক্লিক করুন (যেসকল সক্রিয় উপকারভোগী শিক্ষার্থীর তথ্য পাওয়া যাবে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীর তথ্য সংশোধন করতে হবে)।
- ২.৪। সক্রিয় উপকারভোগী শিক্ষার্থীর সর্বডানে ‘অ্যাকশন’ এর নিচে “সম্পাদনা” বাটনে ক্লিক করুন।
- ২.৫। শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য- পেয়েন্ট তথ্যে মোবাইল ফাইন্যান্স সার্ভিস (এমএফএস) অপশনে ক্লিক করার পর “রকেট, বিকাশ, নগদ, উপায়, এমক্যাশ” সিলেক্ট করে হিসাবধারীর নাম ও হিসাব নম্বর সঠিকভাবে এন্ট্রি করে যাচাই করুন।
- ২.৬। সর্বশেষ ‘হালনাগাদ’ অপশনে ক্লিক করতে হবে।

উল্লেখ্য যে, HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর অভিভাবকের এন্ট্রিকৃত জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর দ্বারা আবশ্যিকভাবে সিম রেজিস্ট্রেশন এবং মোবাইল ব্যাংকিং একাউন্ট (রকেট, বিকাশ, নগদ, উপায়, এমক্যাশ) খোলা থাকতে হবে।

  
(মোহাম্মদ আসাদুল হক)  
স্কিম পরিচালক (যুগ্মসচিব)  
ফোন: ০২-৫৫০০২০৭৩

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
সকল উপজেলা/থানা।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।

- ০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৪। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ০৫। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ০৭। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। জনাব .....সম্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
- ১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
- ১১। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
- ১২। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
- ১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৪। সহকারী প্রোগ্রামার, সম্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীর তথ্য “মোবাইল ব্যাংক তথ্য আপডেট” অপশন চালু করার অনুরোধসহ)।
- ১৫। প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।